MD. SAYDUL KIBRIA TALUKDER

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অর্থ বিভাগ

(বাস্তবায়ন অনুবিভাগ)

জাতীয় বেতনস্কেল, ২০০৯ (৭ম)

[স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ]

(শুধু সরকারী কাজে ব্যবহারের জন্য)

০২ ডিসেম্বর, ২০০৯

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা
২০০৯

[বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ২ ডিসেম্বর ২০০৯ তারিখে প্রকাশিত ।]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অর্থ বিভাগ

(বাস্তবায়ন অনুবিভাগ)

আদেশ

ঢাকা, ১৮ অগ্রহায়ণ ১৪১৬ বঙ্গাব্দ/ ০২ ডিসেম্বর ২০০৯ খ্রিস্টাব্দ

নং এস, আর, ও ২৫৯ আইন/২০০৯/ অম/অবি(বাস্তঃ-১)/জাঃবেঃস্কেল-৫/২০০৯/২৩৬।- Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975) এর ধারা ৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ আদেশ জারী করিল, যথা ঃ-

১। **সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ।**- (১) এই আদেশ, চাকরি (স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ) (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৯ নামে অভিহিত হইবে।

(২) এই আদেশ উপ-অনুচ্ছেদ (৩) এর বিধান সাপেক্ষে, ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৩) এই আদেশের অনুচ্ছেদ ৩ এ উল্লিখিত জাতীয় বেতনস্কেলসমূহ ২০০৯, ১ জুলাই, ২০০৯ তারিখে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে কার্যকর হইবে, যথাঃ-

(ক) এই আদেশের অনুচ্ছেদ ৬ এর বিধান অনুযায়ী ১ জুলাই, ২০০৯ তারিখে বেতন নির্ধারণ হইবে এবং এই নির্ধারিত বেতন ১ জুলাই, ২০০৯ হইতে প্রদান করা হইবে। তবে, অন্যান্য সকল ভাতাদি ৩০ শে জুন, ২০০৯ তারিখের প্রাপ্য অঙ্কে ৩০ জুন, ২০১০ পর্যন্ত প্রদান করা হইবে;

(খ) জাতীয় বেতনস্কেল ২০০৯ কার্যকর হইবার তারিখ অর্থাৎ ১ জুলাই, ২০০৯ হইতে মহার্ঘ ভাতা অবলুপ্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং ১ জুলাই, ২০০৯ হইতে ইতোমধ্যে আহরিত মহার্ঘ ভাতা প্রাপ্য বকেয়ার সহিত সমন্বয় করিতে হইবে;

(গ) ১ জুলাই, ২০০৯ তারিখ হইতে যে সকল কর্মকর্তা/কর্মচারী অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে আছেন তাহারা অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে থাকার সময় ৩০ জুন, ২০০৯ তারিখে আহরিত মহার্ঘভাতা পাইতে থাকিবেন।

ব্যাখ্যাঃ যে কর্মকর্তা/কর্মচারী ১ জুলাই, ২০০৯ তারিখে অবসরপ্রস্তুতিমূলক ছুটিতে আছেন তিনি দফা (গ) এর বর্ণনা মোতাবেক ৩০ জুন, ২০০৯ তারিখে যে হারে মহার্ঘভাতা পাইতেন; সেই হারে উক্ত মহার্ঘভাতা অবসরপ্রস্তুতিমূলক ছুটি (এল পি আর) শেষ না হওয়া পর্যন্ত প্রাপ্য হইবেন।

(৪) এই আদেশ নিম্নবর্ণিত প্রতিষ্ঠানসমূহে নিয়োজিত ব্যক্তিবর্গ এবং নিম্নে উল্লেখিত ব্যক্তিবর্গ ব্যতীত অন্যান্য সকল স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহে নিয়োজিত সকল ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যথা ঃ-

(ক) স্থানীয় প্রতিষ্ঠানসমূহ যথা ঃ-সিটি করপোরেশন, পৌরসভা, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, ইউনিয়ন পরিষদ;

(খ) বাংলাদেশ বিমান করপোরেশন;

(গ) বাংলাদেশ শিপিং করপোরেশন;

(ঘ) ব্যাংকসমূহ ও অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহ যথা ঃ- বাংলাদেশ ব্যাংক,কর্মসংস্থান ব্যাংক, আনসার ও ভিডিপি উন্নয়ন ব্যাংক, বাংলাদেশ শিল্প ব্যাংক, বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা, বাংলাদেশ বিনিয়োগ করপোরেশন (ICB) এবং বাংলাদেশ গৃহ নির্মাণ ঋণদান করপোরেশন;

(ঙ) State-owned Manufacturing Industries Workers (Terms and Conditions of Service Ordinance, 1985 (XXXIX of 1985) এ সংজ্ঞায়িত "worker";

(চ) শিক্ষানবিস (Apprentice) অথবা প্রশিক্ষণার্থী (Trainee) হিসাবে নিযুক্ত ব্যক্তিগণ;

(ছ) চুক্তি অথবা খন্ডকালীন ভিত্তিতে নিযুক্ত ব্যক্তিগণ; এবং

(জ) স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহে প্রেষণে কর্মরত সরকারী ব্যক্তিগণ।

২। **সংজ্ঞা ঃ** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই আদেশে-

(ক) 'বর্তমান বেতনস্কেল' অর্থ চাকুরী [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ২০০৫ এর অধীন জাতীয় বেতনস্কেল;

(খ) 'জাতীয় বেতনস্কেল ২০০৯'অর্থ এই আদেশের অনুচ্ছেদ ৩ এ উল্লিখিত জাতীয় বেতনস্কেল;

(গ) 'সংস্থা' বা 'প্রতিষ্ঠান' অর্থ স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ;

(ঘ) 'মূল স্কেল', 'সিলেকশন গ্রেড স্কেল' বা 'উচ্চতর স্কেল (টাইম-স্কেল)' অর্থ বর্তমান বেতনস্কেল, যথাক্রমে, পদের মূল স্কেল, সিলেকশন গ্রেড স্কেল বা উচ্চতর স্কেল (টাইম স্কেল)।

৩। **জাতীয় বেতনস্কেল ২০০৯।**-১ জুলাই, ২০০৯ তারিখের অব্যবহিত পূর্বে বিদ্যমান পদসমূহের বর্তমান বেতনস্কেল বিলুপ্ত হইবে এবং ঐ তারিখ হইতে বর্তমান বেতনস্কেলের প্রতিটি স্কেলের বিপরীতে নিম্নবর্ণিত অনুরূপ স্কেল (Corresponding Scale) কার্যকর হইবে, যথা ঃ

গ্রেড	বর্তমান বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০০৫)	জাতীয় বেতনস্কেল ২০০৯ (১ জুলাই, ২০০৯ হইতে কার্যকর)
১।	টাকা ২৩০০০ (নির্ধারিত)	টাকা ৪০০০০ (নির্ধারিত)
২।	টাকা ১৯৩০০-৭০০X ৪-২২১০০	টাকা ৩৩৫০০-১২০০X ৫- ৩৯ ৫০০
৩।	টাকা ১৬৮০০-৬৫০X ৬-২০৭০০	টাকা ২৯০০০- ১১০০X ৬-৩৫৬০০
৪।	টাকা ১৫০০০-৬০০X ৮-১৯৮০০	টাকা ২৫৭৫০-১০০০X ৮-৩৩৭৫০
৫।	টাকা ১৩৭৫০-৫৫০X ১০-১৯২৫০	টাকা ২২২৫০- ৯০০X ১০-৩১২৫০
৬।	টাকা ১১০০০-৪৭৫X ১৪-১৭৬৫০	টাকা ১৮৫০০- ৮০০X ১৪-২৯৭০০
৭।	টাকা ৯০০০-৪০৫X ১৬-১৫৪৮০	টাকা ১৫০০০-৭০০X ১৬- ২৬২০০
৮।	টাকা ৭৪০০-৩৬৫ X ১৬-১৩২৪০	টাকা ১২০০০- ৬০০ X ১৬-২১৬০০
৯।	টাকা ৬৮০০-৩২৫X ৭-৯০৭৫-ইবি-৩৬৫X১১-১৩০৯০	টাকা ১১০০০- ৪৯০X ৭- ১৪৪৩০-ইবি-৫৪০X১১-২০৩৭০
১০।	টাকা ৫১০০-২৮০X ৭-৭০৬০-ইবি-৩০০X ১১-১০৩৬০	টাকা ৮০০০- ৪৫০X ৭-১১১৫০-ইবি-৪৯০X ১১-১৬ ৫৪০
১১।	টাকা ৪১০০-২৫০X ৭-৫৮৫০-ইবি-২৭০ X ১১-৮৮২০	টাকা ৬৪০০- ৪১৫X ৭-৯৩০৫-ইবি-৪৫০X ১১- ১৪২৫৫
১২।	টাকা ৩৭০০-২৩০X ৭-৫৩১০-ইবি-২৫০ X ১১-৮০৬০	টাকা ৫৯০০- ৩৮০X ৭-৮৫৬০-ইবি-৪১৫X ১১- ১৩১২৫
১৩।	টাকা ৩৫০০-২১০X ৭-৪৯৭০-ইবি-২৩০ X ১১-৭৫০০	টাকা ৫৫০০- ৩৪৫X ৭-৭৯১৫-ইবি-৩৮০X ১১-১২০৯৫
১৪।	টাকা ৩৩০০-১৯০X ৭-৪৬৩০-ইবি-২১০ X ১১-৬৯৪০	টাকা ৫২০০-৩২০X ৭-৭৪৪০-ইবি-৩৪৫X ১১-১১২৩৫
১৫।	টাকা ৩১০০-১৭০X ৭-৪২৯০-ইবি-১৯০ X ১১-৬৩৮০	টাকা ৪৯০০- ২৯০X ৭-৬৯৩০-ইবি-৩২০X ১১-১০৪৫০
১৬।	টাকা ৩০০০-১৫০X ৭-৪০৫০-ইবি-১৭০ X ১১-৫৯২০	টাকা ৪৭০০- ২৬৫X ৭-৬৫৫৫-ইবি-২৯০X ১১-৯৭৪৫
১৭।	টাকা ২৮৫০-১৩০X ৭-৩৭৬০-ইবি-১৫০ X ১১-৫৪১০	টাকা ৪৫০০- ২৪০X ৭-৬১৮০-ইবি-২৬৫X ১১-৯০৯৫
১৮।	টাকা ২৬০০-১২০X ৭-৩৪৪০-ইবি-১৩০ X ১১-৪৮৭০	টাকা ৪৪০০- ২২০X ৭-৫৯৪০-ইবি-২৪০X ১১-৮৫৮০
১৯।	টাকা ২৫০০-১১০X ৭-৩২৭০-ইবি-১২০ X ১১-৪৫৯০	টাকা ৪২৫০- ২১০X ৭-৫৭২০-ইবি-২২০X ১১-৮১৪০
২০।	টাকা ২৪০০-১০০X ৭-৩১০০-ইবি-১১০ X ১১-৪৩১০	টাকা ৪১০০- ১৯০X ৭-৫৪৩০-ইবি-২১০X ১১-৭৭৪০